রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, জানুয়ারি ২৫, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাণিজ্য মন্ত্রণালয়**

**রপ্তানি-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ মাঘ ১৪২৯/২৩ জানুয়ারি ২০২৩

বিষয় : **'জাতীয় চা পুরস্কার নীতিমালা, ২০২২' গেজেট আকারে প্রকাশ।**

নং **২৬.০০.০০০০.১০৩.২২.০০২.২২.১৮**—উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকার এতদসঙ্গে সংযুক্ত 'জাতীয় চা পুরস্কার নীতিমালা, ২০২২' অনুমোদন করেছেন। তা এতদ্বারা প্রকাশ করা হলো।

২। 'জাতীয় চা পুরস্কার নীতিমালা, ২০২২' অবিলম্বে কার্যকর হবে।

**তরফদার সোহেল রহমান**

উপসচিব।



**মূল্য :** টাকা ২০.০০

# ''জাতীয় চা পুরস্কার নীতিমালা, ২০২২''

১.০ **শিরোনাম** এ নীতিমালা জাতীয় চা দিবস উপলক্ষে "জাতীয় চা পুরস্কার নীতিমালা, ২০২২" নামে অভিহিত হবে।

২.০ **পুরস্কার প্রদানের পটভূমি** বাংলাদেশের চা-শিল্পের ইতিহাস প্রায় ১৮০ বছরের পুরানো। এ শিল্পের উন্নয়নের জন্য বাংলাদেশ চা বোর্ড নিরলসভাবে কাজ করে যাচ্ছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৪ জুন, ১৯৫৭ হতে ২৩ অক্টোবর, ১৯৫৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত বাংলাদেশ চা বোর্ডের প্রথম বাঙালি চেয়ারম্যান হিসেবে অধিষ্ঠিত ছিলেন। চা-শিল্পে জাতির পিতার অবদানকে অবিস্মরণীয় করে রাখার অভিপ্রায়ে সরকার ৪ জুনকে 'জাতীয় চা দিবস' হিসেবে ঘোষণা করেছে। দেশের চা-শিল্পের অগ্রযাত্রায় বাংলাদেশ চা বোর্ড এবং এর অংশীজন হিসেবে চা বাগান মালিক, ক্ষুদ্রায়তন চা-বাগান মালিক, চা উৎপাদনকারী, চা প্যাকেজিং ও বিপণন কোম্পানি, চা-শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান/সংগঠন তাঁদের স্ব স্ব কর্মকাণ্ডের মাধ্যমে জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রেখে যাচ্ছে। চা-শিল্পের এ অগ্রযাত্রাকে আরো বেগবান ও অনুপ্রাণিত করার অভিপ্রায়ে চা শিল্পের বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ বাণিজ্য মন্ত্রণালয় এবং বাংলাদেশ চা বোর্ড কর্তৃক জাতীয় চা দিবস উদযাপনকালে চা শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন ক্যাটাগরিতে 'জাতীয় চা পুরস্কার' প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

৩.০ **'পুরস্কার' প্রদানের উদ্দেশ্য**

৩.১ চা-বাগানগুলোর উৎপাদন বৃদ্ধিতে উৎসাহ প্রদান;

৩.২ চায়ের গুণগত মান বৃদ্ধিতে উৎসাহ প্রদান;

৩.৩ চা রপ্তানি বৃদ্ধিতে উৎসাহ প্রদান;

৩.৪ ক্ষুদ্রায়তন চা চাষে উৎসাহ প্রদান;

৩.৫ চা-বাগানে কর্মরত শ্রমিকদের কল্যাণ ও কর্মে উৎসাহ প্রদান;

৩.৬ বৈচিত্র্যময় চা পণ্য বাজারজাতকরণে উৎসাহ প্রদান;

৩.৭ চা মোড়কের মান উন্নয়ন ও সৌন্দর্য বৃদ্ধিতে উৎসাহ প্রদান।

৪.০ **সংজ্ঞা**

৪.১ **চা** অর্থ চা-বর্জ্য ব্যতীত ক্যামেলিয়া সাইনেনসিস বা ক্যামেলিয়া থিয়া গাছের পাতা অথবা বিধি দ্বারা নির্ধারিত অন্য কোনো গাছের পাতা তৎসংলগ্ন কচি কান্ড হতে প্রস্তুত চা নামে পরিচিত পণ্য এবং সবুজ চা-ও এর অন্তর্ভুক্ত হবে;

৪.২ **ক্ষুদ্রায়তন চা-বাগান** অর্থ ২৫.০০ একর বা ১০.১২ হেক্টরের কম আয়তনের চা-বাগানকে বুঝাবে;

৪.৩ **পুরস্কার** অর্থ জাতীয় চা দিবস উপলক্ষে 'জাতীয় চা পুরস্কার' কে বুঝাবে;

৪.৪ **চা-বাগান** অর্থ চা চাষের উপযোগী নির্দিষ্ট ভূখন্ড এবং চা-গাছ হতে চয়নকৃত পাতা প্রক্রিয়াজাতকরণ, বাজারজাতকরণসহ শ্রমিক/কর্মচারীর মৌলিক সুযোগ-সুবিধা সংবলিত চা-বাগানকে বুঝাবে;

৪.৫ **মালিক** অর্থ কোনো চা-বাগান বা ক্ষুদ্রায়তন চা-বাগানের মালিক বা ইজারাগ্রহীতা এবং মালিক বা ইজারাগ্রহীতা কর্তৃক নিয়োজিত এজেন্টও এর অন্তর্ভুক্ত হবে;

৪.৬ **কোম্পানি** অর্থ কোম্পানি আইন- ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮ নং আইন) এর অধীনে সংজ্ঞায়িত কোনো কোম্পানি বুঝাবে;

৫.০ **পুরস্কারের অর্থের উৎস:** বাংলাদেশ চা বোর্ড অথবা অন্য কোনো অনুমোদিত উৎস হতে প্রাপ্ত অর্থ;

৬.০ **পুরস্কারের ধরন ও প্রকৃতি:** জাতীয় চা দিবস উপলক্ষে 'জাতীয় চা পুরস্কার' এর জন্য বাংলাদেশ চা বোর্ড কর্তৃক নির্ধারিত ও অনুমোদিত পুরস্কার যথা:—

(ক) রাষ্ট্রীয় মনোগ্রাম ও বাংলাদেশ চা বোর্ডের মনোগ্রাম সম্মিলিত সম্মাননাপত্র যা সিনিয়র সচিব/সচিব, বাণিজ্য মন্ত্রণালয় ও চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড কর্তৃক স্বাক্ষরিত হবে।

(খ) ব্যক্তিগত অবদানের ক্ষেত্রে পদক (১৮ ক্যারেটের ১ ভরি স্বর্ণ বা ১১.৬৬ গ্রাম ওজনের পদক বা ১ ভরি স্বর্ণ মূল্যের সমপরিমাণ টাকা)।

(গ) প্রাতিষ্ঠানিক অবদানের ক্ষেত্রে পদক (১৮ ক্যারেটের ১ ভরি স্বর্ণ বা ১১.৬৬ গ্রাম ওজনের পদক)।

(ঘ) পদকের গায়ে 'জাতীয় চা পুরস্কার', বাংলাদেশ চা বোর্ডের মনোগ্রাম, পদক প্রদানের বছর এবং পদক প্রাপক প্রতিষ্ঠান বা সংস্থার নাম ও ঠিকানা বাংলা/ইংরেজিতে খোদাই করা থাকবে।

(ঙ) পদক সাইজ হবে ৭″ × ১০″ এবং ডায়ামিটার হবে ৫.৫″ এবং এর কাঠ ও প্লাস্টিক ভিত্তির পর স্বর্ণের প্লেটিং ও মিনার কাজ থাকবে।

(চ) পদক স্বচ্ছমোড়কে পৃথক বাক্সে প্রদান করা হবে।

(ছ) সরকার/কর্তৃপক্ষ কর্তৃক নির্বাহী আদেশের মাধ্যমে পুরস্কারের পরিমাণ হ্রাস/বৃদ্ধি বা ধরন পরিবর্তন করতে পারবে।

৭.০ **পুরস্কারের সংখ্যা** ৮টি; বাংলাদেশ চা বোর্ডের সুপারিশক্রমে প্রয়োজনবোধে পুরস্কারের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করা যেতে পারে।

৮.০ **পুরস্কারের ধরন/ক্যাটাগরিসমূহ:**

i. একরপ্রতি সর্বোচ্চ উৎপাদনকারী চা-বাগান (Tea estates- Based on highest yield/acre);

ii. সর্বোচ্চ গুণগত মানসম্পন্ন চা উৎপাদনকারী বাগান (Based on highest average price in tea auction);

iii. শ্রেষ্ঠ চা রপ্তানিকারক (Best Tea Exporter-Based on Foreign Earnings);

iv. শ্রেষ্ঠ ক্ষুদ্রায়তন চা উৎপাদনকারী (২৫.০০ একরের কম)- (Based on highest yield/acre);

v. শ্রমিক কল্যাণের ভিত্তিতে শ্রেষ্ঠ চা-বাগান- (Based on labour welfare);

vi. বৈচিত্র্যময় চা পণ্য বাজারজাতকরণের ভিত্তিতে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান/কোম্পানি (Based on diveresified tea products in the market);

vii. দৃষ্টিনন্দন **ও মানসম্পন্ন** চা মোড়কের ভিত্তিতে শ্রেষ্ঠ চা প্রতিষ্ঠান/কোম্পানি (Based on attractive & safety packaging);

viii. শ্রেষ্ঠ চা-পাতা চয়নকারী (শ্রমিক সম্পর্কিত পুরস্কার) (Based on highest tea-leaf plucking);

**তবে, বাংলাদেশ চা বোর্ডের সুপারিশক্রমে বাণিজ্য মন্ত্রণালয় প্রয়োজনবোধে পুরস্কারের ধরন হ্রাস/বৃদ্ধি অথবা পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন করতে পারবে।**

৯.০ **চা-শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন ক্যাটাগরিতে 'জাতীয় চা পুরস্কার' প্রদানের জন্য যোগ্য চা-বাগান/ক্ষুদ্রায়তন চা-বাগান /বাণিজ্যিক প্রতিষ্ঠান/ব্যক্তি বাছাইয়ের নম্বর বণ্টন/প্রদান পদ্ধতি:**

৯.১ <u>**ক্যাটাগরি-১** একরপ্রতি সর্বোচ্চ উৎপাদনকারী চা-বাগান বাছাইয়ের মানদণ্ড</u>

নিম্নোক্ত ৪টি মানদণ্ড/ক্রাইটেরিয়ার ভিত্তিতে এ ক্যাটাগরিতে শ্রেষ্ঠ বাগান বাছাই করা হবে।

| ক্রমিক নং | মানদণ্ড | নম্বর |
|---|---|---|
| ০১ | একরপ্রতি সর্বোচ্চ গড় উৎপাদনকে ৫০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন (পূর্ববর্তী বছরের ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত) | ৫০ |
| ০২ | নিলামে চায়ের সর্বোচ্চ গড় মূল্যকে ২০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন (পূর্ববর্তী নিলাম বছরে অনুষ্ঠিত নিলামের ভিত্তিতে) | ২০ |
| ০৩ | সর্বোচ্চ মোট বাৎসরিক উৎপাদনকে ২০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন (পূর্ববর্তী বছরের ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত) | ২০ |
| ০৪ | মোট চা চাষযোগ্য জমির মধ্যে চা আবাদি এলাকার শতকরা হার<br>(চা আবাদ এলাকা÷মোট চা চাষযোগ্য জমি × ১০০) | ১০ |
| | মোট = | ১০০ |

৯.২ **ক্যাটাগরি-২** সর্বোচ্চ গুণগত মানসম্পন্ন চা উৎপাদনকারী বাগান বাছাইয়ের মানদণ্ড

নিম্নোক্ত ৩টি মানদণ্ড/ক্রাইটেরিয়ার ভিত্তিতে এ ক্যাটাগরিতে শ্রেষ্ঠ বাগান বাছাই করা হবে।

| ক্রমিক নং | **মানদণ্ড** | **নম্বর** |
|---|---|---|
| ০১ | নিলামে চায়ের সর্বোচ্চ গড় মূল্যকে ৯০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন (পূর্ববর্তী নিলাম বছরে অনুষ্ঠিত নিলামের ভিত্তিতে) | ৯০ |
| ০২ | সর্বোচ্চ মোট বাৎসরিক উৎপাদনকে ৫ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন উৎপাদন (পূর্ববর্তী বছরের ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত) | ৫ |
| ০৩ | একরপ্রতি সর্বোচ্চ গড় উৎপাদনকে ৫ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন (পূর্ববর্তী বছরের ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত) | ৫ |
| | মোট = | ১০০ |

৯.৩ **ক্যাটাগরি-৩** শ্রেষ্ঠ চা রপ্তানিকারক বাছাইয়ের মানদণ্ড

নিম্নোক্ত ৪টি মানদণ্ড/ক্রাইটেরিয়ার ভিত্তিতে শ্রেষ্ঠ রপ্তানিকারক বাছাই করা হবে।

| ক্রমিক নং | **মানদণ্ড** | **নম্বর** |
|---|---|---|
| ০১ | রপ্তানিকৃত চায়ের সর্বোচ্চ গড় রপ্তানি মূল্যকে ৪০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন (পূর্ববর্তী বছরের ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত) | ৪০ |
| ০২ | সর্বোচ্চ মোট বাৎসরিক চা রপ্তানির পরিমাণকে ৪০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন (পূর্ববর্তী বছরের ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত) | ৪০ |
| ০৩ | বৈচিত্র্যময় চা রপ্তানিকৃত দেশের সংখ্যাকে ১০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন | ১০ |
| ০৪ | বৈচিত্র্যময় চা রপ্তানির পরিমাণ ও দেশের সংখ্যাকে ১০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন | ১০ |
| | মোট = | ১০০ |

৯.৪ **ক্যাটাগরি-৪** শ্রেষ্ঠ ক্ষুদ্রায়তন চা উৎপাদনকারী (২৫.০০ একরের কম ) বাছাইয়ের মানদণ্ড

নিম্নোক্ত ২টি মানদণ্ড/ক্রাইটেরিয়ার ভিত্তিতে শ্রেষ্ঠ ক্ষুদ্রায়তন চা উৎপাদনকারী বাছাই করা হবে।

| ক্রমিক নং | **মানদণ্ড** | **নম্বর** |
|---|---|---|
| ০১ | একরপ্রতি সর্বোচ্চ গড় উৎপাদনকে ৮০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন (সবুজ পাতা) (পূর্ববর্তী বছরের ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত) | ৮০ |
| ০২ | সর্বোচ্চ মোট চা আবাদি জমির পরিমাণকে ২০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন | ২০ |
| | মোট = | ১০০ |

৯.৫ **ক্যাটাগরি-৫** শ্রমিক কল্যাণের ভিত্তিতে শ্রেষ্ঠ চা-বাগান বাছাইয়ের মানদণ্ড

নিম্নোক্ত ৫টি মানদণ্ড/ক্রাইটেরিয়ার ভিত্তিতে শ্রেষ্ঠ চা-বাগান বাছাই করা হবে।

| ক্রমিক নং | **মানদণ্ড** | **নম্বর** |
|---|---|---|
| ০১ | সর্বোচ্চ শ্রমিক বাসস্থান এবং শৌচাগার সংখ্যা সংবলিত বাগানকে ২০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন | ২০ |
| ০২ | সর্বোচ্চ সংখ্যক শ্রমিককে সুপেয় পানির সুবিধা প্রদানকারী বাগানকে ২০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন | ২০ |
| ০৩ | হাসপাতাল, বেড/ডাক্তার, ডিসপেনসারি ও ঔষধের সর্বোচ্চ পর্যাপ্ততা নিশ্চয়নকারী বাগানকে ২০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন | ২০ |
| ০৪ | সর্বোচ্চ স্কুলের সংখ্যা, শিক্ষক-শিক্ষিকার সংখ্যা, ছাত্রছাত্রীর সংখ্যা, ছাত্রছাত্রীদের স্কলারশিপের ব্যবস্থা, খেলার মাঠ, প্রতিবন্ধী ও দুস্থদের জন্য সর্বোচ্চ পর্যাপ্ত সুযোগ সুবিধা প্রদানকারী বাগানকে ২০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন। | ২০ |
| ০৫ | মহিলাদের জীবনমান উন্নয়নের জন্য অন্যান্য সর্বোচ্চ সুযোগ-সুবিধা প্রদানকারী বাগানকে ২০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন (যেমন-ডে-কেয়ার সেন্টার/ক্রেস হাউস, মাদার্স ক্লাব আছে কিনা, গর্ভবতী মহিলাদের জন্য স্বাস্থ্য সুবিধার বাইরে কিছু থাকলে কমিটি কর্তৃক যোগ করা যেতে পারে। | ২০ |
| | মোট = | ১০০ |

৯.৬ **ক্যাটাগরি-৬** বৈচিত্র্যময় চা পণ্য বাজারজাতকরণের ভিত্তিতে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান/ কোম্পানি বাছাইয়ের মানদণ্ড

নিম্নোক্ত ৩টি মানদণ্ড/ক্রাইটেরিয়ার ভিত্তিতে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান/কোম্পানি বাছাই করা হবে।

| ক্রমিক নং | মানদণ্ড | নম্বর |
|---|---|---|
| ০১ | বৈচিত্র্যময় চা পণ্যের সর্বোচ্চ সংখ্যা ও ধরনকে ৬০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন (আইটেমঃ আর্লগ্রে টি, জিনজার টি, তুলসি টি, নিম টি, হোয়াইট টি, ইয়োলো টি, ওলোং টি, জেসমিন টি ও গ্রিন টি ) | ৬০ |
| ০২ | সর্বোচ্চ বৈচিত্র্যময় চা পণ্য বাজারজাতকরণের পরিমাণকে ২০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন (দেশে) | ২০ |
| ০৩ | সর্বোচ্চ বৈচিত্র্যময় চা পণ্য বাজারজাতকরণের পরিমাণকে ২০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন (বিদেশে) | ২০ |
| | মোট = | ১০০ |

৯.৭ **ক্যাটাগরি-৭** দৃষ্টিনন্দন ও মানসম্পন্ন চা মোড়কের ভিত্তিতে শ্রেষ্ঠ চা প্রতিষ্ঠান/কোম্পানি বাছাইয়ের মানদণ্ড

নিম্নোক্ত ৪টি মানদণ্ড/ক্রাইটেরিয়ার ভিত্তিতে শ্রেষ্ঠ চা প্রতিষ্ঠান/কোম্পানি বাছাই করা হবে।

| ক্রমিক নং | মানদণ্ড | নম্বর |
|---|---|---|
| ০১ | প্যাকেটের সৌন্দর্যকে ৩০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন | ৩০ |
| ০২ | প্যাকেটের উপকরণের গুণগত মানকে ৩০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন (এ্যালুমিনিয়াম ফয়েল বা অন্য কিছু) | ৩০ |
| ০৩ | প্যাকেটের ডিজাইন/ নকশায় ২০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন | ২০ |
| ০৪ | প্যাকেটের ব্যবহারগত সুবিধা/উপযোগিতা ২০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন | ২০ |
| | মোট = | ১০০ |

* বর্ণিত মানদণ্ড/ক্রাইটেরিয়ায় দৃষ্টিনন্দন চা মোড়কের ভিত্তিতে শ্রেষ্ঠ চা প্রতিষ্ঠান/কোম্পানি বাছাইয়ের নিমিত্তে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা যেতে পারে; যার মধ্যে বাংলাদেশ চা বোর্ডের বাণিজ্য শাখার দুইজন প্রতিনিধি এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের সহযোগী অধ্যাপক সমমানের একজন প্রতিনিধি।

৯.৮ **ক্যাটাগরি-৮ শ্রেষ্ঠ চা-পাতা চয়নকারী (শ্রমিক সম্পর্কিত পুরস্কার) বাছাইয়ের মানদণ্ড**

নিম্নোক্ত ১টি মানদণ্ড/ক্রাইটেরিয়ার ভিত্তিতে শ্রেষ্ঠ সবুজ চা-পাতা চয়নকারী বাছাই করা হবে।

| ক্রমিক নং | মানদণ্ড | নম্বর |
|---|---|---|
| ০১ | সর্বোচ্চ সবুজ চা-পাতা (দুটি পাতা ও একটি কুঁড়ি) চয়নকারীকে ১০০ নম্বরের স্ট্যান্ডার্ড বিবেচনা সাপেক্ষে আনুপাতিক হারে নম্বর বণ্টন (পূর্ববর্তী বছরের ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত) | ১০০ |
| | মোট = | ১০০ |

* বর্ণিত মানদণ্ড/ক্রাইটেরিয়ার ভিত্তিতে শ্রেষ্ঠ সবুজ চা-পাতা চয়নকারী হিসেবে তিন জনকে বাছাই করা হবে।

৯.৯ বাংলাদেশ চা বোর্ড চা সংশ্লিষ্ট কোনো বিষয়ে বিশেষ পুরস্কার প্রদান করতে চাইলে এ নীতিমালার আওতায় মানদণ্ড/ক্রাইটেরিয়া নির্ধারণপূর্বক বিশেষ পুরস্কার প্রদান করতে পারবে।

**১০.০ জাতীয় চা-দিবস উপলক্ষে চা-শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন ক্যাটাগরিতে ‘জাতীয় চা পুরস্কার’ প্রদানের যোগ্য বাগান/ক্ষুদ্রায়তন চা-বাগান/বাণিজ্যিক প্রতিষ্ঠান/ব্যক্তি যাচাই-বাছাই পদ্ধতি:**

চা আইন, ২০১৬ অনুযায়ী দেশের সকল চা-বাগান কর্তৃক রিটার্ন ফরম ১, ২ ও ৩ এর মাধ্যমে বাংলাদেশ চা বোর্ডকে বাগান সম্পর্কিত যাবতীয় তথ্য প্রদানের বাধ্যবাধকতা রয়েছে।

i) সরকার নির্ধারিত রিটার্ন ফরম ১ এর মাধ্যমে চা-বাগানসমূহ বাৎসরিক ভূমির ব্যবহারসংক্রান্ত তথ্য প্রদান করে থাকে।

ii) সরকার নির্ধারিত রিটার্ন ফরম ২ এর মাধ্যমে চা-বাগানসমূহ মাসিক চা উৎপাদনসংক্রান্ত তথ্য প্রদান করে থাকে।

iii) সরকার নির্ধারিত রিটার্ন ফরম ৩ এর মাধ্যমে চা-বাগানসমূহ শ্রমিক ও মজুরিসংক্রান্ত তথ্য প্রদান করে থাকে।

১০.১ বাংলাদেশ চা বোর্ডের অঙ্গ প্রতিষ্ঠান প্রকল্প উন্নয়ন ইউনিট কর্তৃক প্রতিবছর ১ বার করে দেশের সকল চা-বাগান পরিবীক্ষণ ও মূল্যায়ন করা হয়ে থাকে। উক্ত মূল্যায়ন প্রতিবেদন হতে চা-বাগানের উৎপাদন ও শ্রমিক কল্যাণ (শ্রমিক সংখ্যা, স্বাস্থ্য, চিকিৎসা, বাসস্থান, শৌচাগার, সুপেয় পানির সুবিধা ইত্যাদি) সংক্রান্ত যাবতীয় তথ্য পাওয়া যায়। বর্ণিত তথ্য বাংলাদেশ চা বোর্ডের পরিকল্পনা শাখা কর্তৃক সংগ্রহ ও সংরক্ষণ করা হয়। চা আমদানি, রপ্তানি ও

নিলামসংক্রান্ত সকল তথ্য বাংলাদেশ চা বোর্ডের বাণিজ্য শাখা কর্তৃক সংগ্রহ ও সংরক্ষণ করা হয়। শ্রেষ্ঠ চা-পাতা চয়নকারী বাছাইয়ের জন্য প্রয়োজনীয় তথ্য পরিকল্পনা শাখা কর্তৃক সরাসরি অথবা প্রকল্প উন্নয়ন ইউনিটের মাধ্যমে চা-বাগানসমূহ হতে সংগ্রহ করা হবে। পুরস্কার প্রদানের নিমিত্তে সকল ক্যাটাগরির যোগ্য বাগান/প্রতিষ্ঠান/ব্যক্তি যাচাই-বাছাইয়ের প্রয়োজনীয় তথ্যের উৎস 'পরিশিষ্ট-ক' তে সন্নিবেশিত রয়েছে।

১০.২ বাংলাদেশ চা বোর্ড কর্তৃক সংগৃহীত ও সংরক্ষিত উপরিউক্ত তথ্যের ভিত্তিতে জাতীয় চা দিবস উপলক্ষে প্রদত্ত 'জাতীয় চা পুরস্কার' এর জন্য প্রযোজ্য মানদণ্ড/ক্রাইটেরিয়া অনুযায়ী স্ব স্ব ক্ষেত্রে শ্রেষ্ঠ ব্যক্তি/প্রতিষ্ঠান বাছাই করা সম্ভব হবে। ফলে জাতীয় চা দিবস উপলক্ষে বিভিন্ন ক্যাটাগরিতে "জাতীয় চা পুরস্কার" প্রদানের লক্ষ্যে চা-বাগান, ক্ষুদ্রায়তন চা-বাগান, চা উৎপাদন ও বিপণন প্রতিষ্ঠানের নিকট হতে আবেদনপত্র আহবানের প্রয়োজন হবে না।

**১১.০ জাতীয় চা দিবস উপলক্ষে বিভিন্ন ক্যাটাগরিতে "জাতীয় চা পুরস্কার" প্রদানের জন্য যাচাই-বাছাই কমিটি:**

| | | |
|---|---|---|
| (১) | চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম | আহ্বায়ক |
| (২) | যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | সদস্য (গবেষণা ও উন্নয়ন), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম | সদস্য |
| (৪) | সদস্য (অর্থ ও বাণিজ্য), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম | সদস্য |
| (৫) | রপ্তানি উন্নয়ন ব্যুরোর একজন প্রতিনিধি (উপসচিব/সমমানের নিচে নয়) | সদস্য |
| (৬) | পরিচালক, বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট (বিটিআরআই), শ্রীমঙ্গল, মৌলভীবাজার | সদস্য |
| (৭) | পরিচালক, প্রকল্প উন্নয়ন ইউনিট (পিডিইউ), শ্রীমঙ্গল, মৌলভীবাজার | সদস্য |
| (৮) | উপপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম | সদস্য |
| (৯) | উপপরিচালক (বাণিজ্য), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম | সদস্য |
| (১০) | উপপরিচালক (হিসাব ও অর্থ), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম | সদস্য |
| (১১) | সচিব, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম | সদস্য-সচিব |

**১১.১ কমিটির কার্যপরিধি :**

(১) জাতীয় চা দিবস উপলক্ষে 'জাতীয় চা পুরস্কার' প্রদানের লক্ষ্যে কমিটি এ নীতিমালার ৯ নং অনুচ্ছেদে বর্ণিত প্রতিটি ক্যাটাগরির জন্য নির্ধারিত মানদণ্ড/ক্রাইটেরিয়ার ভিত্তিতে শ্রেষ্ঠ চা-বাগান, ক্ষুদ্রায়তন চা-বাগান, চা উৎপাদন ও বিপণন কোম্পানি, শ্রেষ্ঠ মোড়ক ইত্যাদি বাছাই করবে।

(২) প্রদত্ত মানদণ্ড ও নম্বর পরিবর্তন/সংশোধন/সংযোজনের ক্ষেত্রে এ কমিটিকে জাতীয় পুরস্কারসংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশ গ্রহণ করতে হবে।

(৩) কমিটি কাজের সুবিধার্থে প্রয়োজনবোধে এক বা একাধিক উপ-কমিটি/সাব-কমিটি গঠন করতে পারবে।

(৪) কমিটি কার্যসম্পাদনের জন্য প্রয়োজনবোধে চা-বাগান, ক্ষুদ্রায়তন চা-বাগান, চা উৎপাদন ও বিপণন কোম্পানি এবং চা-শিল্প সংশ্লিষ্ট যেকোনো প্রতিষ্ঠান বা সংগঠনের নিকট হতে তথ্য সংগ্রহ করতে পারবে।

(৫) কমিটি প্রয়োজনবোধে চা-বাগান, ক্ষুদ্রায়তন চা-বাগান, চা উৎপাদন ও বিপণন কোম্পানি এবং চা-শিল্প সংশ্লিষ্ট যে কোনো প্রতিষ্ঠান বা সংগঠন এর কার্যক্রম সরেজমিন পরিদর্শন করতে পারবে।

(৬) কমিটি প্রয়োজনবোধে একই ক্যাটাগরিতে এক বা একাধিক ব্যক্তি বা প্রতিষ্ঠানকে পুরস্কারের জন্য মনোনীত করতে পারবে।

(৭) কমিটি প্রয়োজনবোধে চা-শিল্প সংশ্লিষ্ট যেকোনো প্রতিষ্ঠান (চা-শিল্প সংশ্লিষ্ট সংস্থা/এ্যাসোসিয়েশনের সভাপতি/তার মনোনীত উপযুক্ত প্রতিনিধি) হতে যেকোনো সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

১১.২ উক্ত কমিটি জাতীয় চা দিবসের বিভিন্ন ক্যাটাগরিতে 'জাতীয় চা পুরস্কার' প্রদানের জন্য প্রাথমিকভাবে বাছাইকৃত ব্যক্তি/প্রতিষ্ঠানের তালিকা সুপারিশসহকারে প্রস্তাব আকারে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করবে। বাণিজ্য মন্ত্রণালয় সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক পুরস্কারের জন্য যোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠানের তালিকা চূড়ান্ত করবে।

১২.০ **নীতিমালা সংশোধন :**

সরকার পরিস্থিতি বিবেচনায় যেকোনো সময় এ নীতিমালা পর্যালোচনাপূর্বক সংশোধন করতে পারবে।

১৩.০ **'জাতীয় চা পুরস্কার' প্রদানের নিমিত্তে প্রস্তাবিত চূড়ান্ত বাছাই কমিটি**

| | | |
|---|---|---|
| (১) | মাননীয় মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | সিনিয়র সচিব/সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সহ সভাপতি |
| (৩) | চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড | সদস্য |
| (৪) | মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর | সদস্য |
| (৫) | চেয়ারম্যান, বাংলাদেশ ট্যারিফ কমিশন | সদস্য |
| (৬) | ভাইস চেয়ারম্যান, এক্সপোর্ট প্রমোশন ব্যুরো | সদস্য |
| (৭) | প্রতিনিধি মন্ত্রিপরিষদ বিভাগ (যুগ্ম সচিবের নিচে নয়) | সদস্য |
| (৮) | প্রতিনিধি কৃষি মন্ত্রণালয় (যুগ্ম সচিবের নিচে নয়) | সদস্য |

| | | |
|---|---|---|
| (৯) | প্রতিনিধি শিল্প মন্ত্রণালয় (যুগ্ম সচিবের নিচে নয়) | সদস্য |
| (১০) | প্রতিনিধি সমাজকল্যাণ মন্ত্রণালয় (যুগ্ম সচিবের নিচে নয়) | সদস্য |
| (১১) | প্রতিনিধি বন ও পরিবেশ মন্ত্রণালয় (যুগ্ম সচিবের নিচে নয়) | সদস্য |
| (১২) | প্রতিনিধি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (যুগ্ম সচিবের নিচে নয়) | সদস্য |
| (১৩) | প্রতিনিধি শ্রম মন্ত্রণালয় (যুগ্ম সচিবের নিচে নয়) | সদস্য |
| (১৪) | প্রতিনিধি স্বাস্থ্য মন্ত্রণালয় (যুগ্ম সচিবের নিচে নয়) | সদস্য |
| (১৫) | উপসচিব, রপ্তানি-৪, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**'পরিশিষ্ট-ক'**

**জাতীয় চা দিবস উপলক্ষে চা-শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন ক্যাটাগরিতে 'জাতীয় চা পুরস্কার' প্রদানের নিমিত্ত যোগ্য চা-বাগান /ক্ষুদ্রায়তন চা-বাগান /বাণিজ্যিক প্রতিষ্ঠান /ব্যক্তি যাচাই-বাছাইয়ের জন্য প্রয়োজনীয় তথ্যের উৎস :**

| ক্রমিক নং | পুরস্কারের ক্যাটাগরি | তথ্যের উৎস | তথ্য সংগ্রহ ও সংরক্ষণ |
|---|---|---|---|
| ০১ | একরপ্রতি সর্বোচ্চ উৎপাদনকারী চা-বাগান (Tea estates-Based on highest yield/acre) | রিটার্ন ১, ২, ও ৩ ফরম এর মাধ্যমে চা-বাগান হতে প্রেরিত তথ্য | পরিকল্পনা শাখা, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। |
| ০২ | সর্বোচ্চ গুণগত মানসম্পন্ন চা উৎপাদনকারী বাগান (Based on highest average price in tea auction) | ব্রোকার হাউজের নিলাম সংক্রান্ত প্রতিবেদন হতে প্রাপ্ত তথ্য | বাণিজ্য শাখা, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। |
| ০৩ | শ্রেষ্ঠ চা রপ্তানিকারক (Best Tea Exporter-Based on Foreign Earnings) | বাংলাদেশ চা বোর্ডের বাণিজ্য শাখার আমদানি-রপ্তানি অনুমোদনসংক্রান্ত রেজিস্ট্রার হতে প্রাপ্ত তথ্য | বাণিজ্য শাখা, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। |
| ০৪ | শ্রেষ্ঠ ক্ষুদ্রায়তন চা উৎপাদনকারী (২৫.০০ একরের কম)-(Based on highest yield/acre) | উত্তরবঙ্গ/বান্দরবানের আঞ্চলিক অফিস থেকে প্রাপ্ত তথ্য | পরিকল্পনা শাখা, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। |
| ০৫ | শ্রমিক কল্যাণের ভিত্তিতে শ্রেষ্ঠ চা-বাগান- (Based on labour welfare) | প্রকল্প উন্নয়ন ইউনিট (পিডিইউ) এর পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন হতে প্রাপ্ত তথ্য | পরিকল্পনা শাখা/প্রকল্প উন্নয়ন ইউনিট, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। |
| ০৬ | বৈচিত্র্যময় চা পণ্য বাজারজাতকরণের ভিত্তিতে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান/কোম্পানি (Based on diveresified tea Products in the market) | বাংলাদেশ চা বোর্ডের বাণিজ্য শাখার আমদানি-রপ্তানি অনুমোদন সংক্রান্ত রেজিস্ট্রার এবং চা বাজারজাত ও বিপণনকারী প্রতিষ্ঠান হতে সরাসরি সংগ্রহের মাধ্যমে প্রাপ্ত তথ্য | বাণিজ্য শাখা, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। |

| ক্রমিক নং | পুরস্কারের ক্যাটাগরি | তথ্যের উৎস | তথ্য সংগ্রহ ও সংরক্ষণ |
|---|---|---|---|
| ০৭ | দৃষ্টিনন্দন ও মানসম্পন্ন চা-মোড়কের ভিত্তিতে শ্রেষ্ঠ চা প্রতিষ্ঠান/কোম্পানি (Based on attractive & safety packaging) | বাংলাদেশ চা বোর্ডের বাণিজ্য শাখা কর্তৃক চা বাজারজাত ও বিপণনকারী প্রতিষ্ঠান হতে সরাসরি সংগ্রহের মাধ্যমে প্রাপ্ত তথ্য | বাণিজ্য শাখা, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। |
| ০৮ | শ্রেষ্ঠ চা-পাতা চয়নকারী (শ্রমিক সম্পর্কিত পুরস্কার) | বাংলাদেশ চা বোর্ডের পরিকল্পনা শাখা/ প্রকল্প উন্নয়ন ইউনিট কর্তৃক পত্র মারফত চা-বাগানসমূহ হতে সরাসরি সংগ্রহের মাধ্যমে প্রাপ্ত তথ্য | পরিকল্পনা শাখা/প্রকল্প উন্নয়ন ইউনিট, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। |

## নমুনা

**ক্যাটাগরি-১** একরপ্রতি সর্বোচ্চ উৎপাদনকারী চা-বাগান বাছাইয়ের মানদণ্ড

ধরা যাক, একটি নির্দিষ্ট বছরে কোনো একটি চা-বাগানের একরপ্রতি সর্বোচ্চ গড় উৎপাদন ৮০০ কেজি, উক্ত বছরে নিলামে কোনো একটি চা-বাগানে উৎপাদিত চায়ের সর্বোচ্চ গড় মূল্য ২৫০ টাকা এবং উক্ত বছরে কোনো একটি চা-বাগানের সর্বোচ্চ বাৎসরিক উৎপাদন ৩০,৫০,০০০ কেজি। এখন উক্ত বছরে কোনো একটি বাগানের একরপ্রতি গড় উৎপাদন ৭৮০ কেজি, নিলামে বাগানটির চায়ের গড় মূল্য ২৪৫ টাকা, বাৎসরিক উৎপাদন ৩০,০০,০০০ কেজি এবং বাগানটির মোট জমির ৮০% চা চাষের আওতায় এসেছে। এক্ষেত্রে একর প্রতি সর্বোচ্চ উৎপাদনকারী চা-বাগান বাছাইয়ের মানদণ্ডে প্রাপ্ত নম্বর:

$$= \left(\frac{৫০}{৮০০} \times ৭৮০\right) + \left(\frac{২০}{২৫০} \times ২৪৫\right) + \left(\frac{২০}{৩০,৫০,০০০} \times ৩০,০০,০০০\right) + \left(\frac{৮০}{১০০} \times ১০\right)$$

=৯৬.০২

**ক্যাটাগরি-২** সর্বোচ্চ গুণগত মানসম্পন্ন চা উৎপাদনকারী বাগান বাছাইয়ের মানদণ্ড

ধরা যাক, একটি নির্দিষ্ট বছরে কোনো একটি চা-বাগানের একরপ্রতি সর্বোচ্চ গড় উৎপাদন ৮০০ কেজি, উক্ত বছরে নিলামে কোনো একটি চা-বাগানে উৎপাদিত চায়ের সর্বোচ্চ গড় মূল্য ২৫০ টাকা এবং উক্ত বছরে কোনো একটি চা-বাগানের সর্বোচ্চ বাৎসরিক উৎপাদন ৩০,৫০,০০০ কেজি। এখন উক্ত বছরে কোনো একটি বাগানের একরপ্রতি গড় উৎপাদন ৭৮০ কেজি, নিলামে বাগানটির চায়ের গড় মূল্য ২৪৫ টাকা, বাৎসরিক উৎপাদন ৩০,০০,০০০ কেজি। এক্ষেত্রে একরপ্রতি সর্বোচ্চ গুণগত মানসম্পন্ন চা উৎপাদনকারী বাগান বাছাইয়ের মানদণ্ডে প্রাপ্ত নম্বর :

$$= \left(\frac{৯০}{২৫০} \times ২৪৫\right) + \left(\frac{৫}{৩০,৫০,০০০} \times ৩০,০০,০০০\right) + \left(\frac{৫}{৮০০} \times ৭৮০\right) = ৯৭.৯৯$$

**ক্যাটাগরি-৩ শ্রেষ্ঠ চা রপ্তানিকারক বাছাইয়ের মানদণ্ড**

ধরা যাক, একটি নির্দিষ্ট বছরে কোনো রপ্তানিকারী চা-বাগান/কোম্পানি কর্তৃক রপ্তানিকৃত চায়ের সর্বোচ্চ গড় মূল্য ৫০০ টাকা, কোনো চা বাগান/ কোম্পানি কর্তৃক সর্বোচ্চ চা রপ্তানির পরিমাণ ১০,০০,০০০ কেজি এবং কোনো রপ্তানিকারী চা বাগান/ কোম্পানি কর্তৃক সর্বোচ্চ রপ্তানিকৃত দেশের সংখ্যা ১০টি এবং সর্বোচ্চ বৈচিত্র্যময় চা রপ্তানির পরিমাণ ৬ কেজি। এখন উক্ত বছরে কোনো একটি বাগান/কোম্পানি কর্তৃক রপ্তানিকৃত চায়ের গড় মূল্য ৪৯০ টাকা, রপ্তানিকৃত চায়ের পরিমাণ ৯,৫০,০০০ কেজি এবং রপ্তানিকৃত দেশের সংখ্যা ৯টি এবং সর্বোচ্চ বৈচিত্র্যময় চা রপ্তানির পরিমাণ ৫ কেজি। এক্ষেত্রে শ্রেষ্ঠ চা রপ্তানিকারক বাছাইয়ের মানদণ্ডে প্রাপ্ত নম্বর :

$$= \left(\frac{৪০}{৫০০} \times ৪৯০\right) + \left(\frac{৪০}{১০,০০,০০০} \times ৯,৫০,০০০\right) + \left(\frac{১০}{১০} \times ৯\right) + \left(\frac{১০}{৬} \times ৫\right) = ৯৪.৫৩$$

**ক্যাটাগরি-৪ শ্রেষ্ঠ ক্ষুদ্রায়তন চা উৎপাদনকারী ( ২৫.০০ একরের কম ) বাছাইয়ের মানদণ্ড**

ধরা যাক, একটি নির্দিষ্ট বছরে সর্বোচ্চ উৎপাদনকারী ক্ষুদ্রায়তন চা-বাগানের একরপ্রতি গড় উৎপাদন ১০০ কেজি, ক্ষুদ্রায়তনে সর্বোচ্চ চা আবাদির পরিমাণ ২৪.৫০ একর। এখন উক্ত বছরে একজন নির্দিষ্ট ক্ষুদ্রায়তন চা উৎপাদনকারীর একরপ্রতি গড় উৎপাদন ৯৫ কেজি এবং তার আবাদির পরিমাণ ২৪ একর। এক্ষেত্রে একরপ্রতি সর্বোচ্চ শ্রেষ্ঠ ক্ষুদ্রায়তন চা উৎপাদনকারী (২৫.০০ একরের কম) বাছাইয়ের মানদণ্ডে প্রাপ্ত নম্বর :

$$= \left(\frac{৮০}{১০০} \times ৯৫\right) + \left(\frac{২০}{২৪.৫} \times ২৪\right) =$$

**ক্যাটাগরি-৫ শ্রমিক কল্যাণের ভিত্তিতে শ্রেষ্ঠ চা-বাগান বাছাইয়ের মানদণ্ড**

| ক্রমিক নং | বিষয় | পূর্ণ নম্বর | নম্বর বিভাজন ও বণ্টন পদ্ধতি | বিভাজিত নম্বর |
|---|---|---|---|---|
| ১ | স্থায়ী শ্রমিক, শ্রমিক বাসস্থান এবং শৌচাগার | ২০ | মোট স্থায়ী শ্রমিক সংখ্যা অনুপাতে শ্রমিক বাসস্থানের জন্য নম্বর প্রদান করা হয় | ১০ |
| | | | মোট স্থায়ী শ্রমিক সংখ্যা অনুপাতে শৌচাগার সংখ্যার জন্য নম্বর প্রদান করা হয় | ১০ |
| ২ | সুপেয় পানির সুবিধা | ২০ | সাধারণভাবে দশ জন শ্রমিকের জন্য একটি হ্যান্ড টিউবওয়েল ধরে মোট হাউজহোল্ড বের করা হয় এবং বিশ জন শ্রমিকের জন্য একটি করে ডিপ-টিউবওয়েল ধরে মোট হাউজহোল্ড বের করা হয়। তারপর স্থায়ী শ্রমিক সংখ্যা অনুপাতে সর্বমোট হাউজহোল্ডের জন্য নম্বর প্রদান করা হয় | ২০ |

| ক্রমিক নং | বিষয় | পূর্ণ নম্বর | নম্বর বিভাজন ও বণ্টন পদ্ধতি | বিভাজিত নম্বর |
|---|---|---|---|---|
| ৩ | হাসপাতাল, বেড/ ডাক্তার, ডিসপেনসারি ও ঔষধের পর্যাপ্ততা | ২০ | কোনো বাগানে হাসপাতাল থাকলেই নম্বর প্রাপ্ত হবেন | ৪ |
| | | | বেড থাকলেই নম্বর প্রাপ্ত হবেন | ৪ |
| | | | এমবিবিএস ডাক্তার থাকলেই নম্বর প্রাপ্ত হবেন | ৮ |
| | | | এমএলএফ/কম্পাউন্ডার থাকলেই নম্বর প্রাপ্ত হবেন | ২ |
| | | | ডিসপেনসারি থাকলেই নম্বর প্রাপ্ত হবেন | ২ |
| ৪ | স্কুলের সংখ্যা, শিক্ষক-শিক্ষিকার সংখ্যা, ছাত্রছাত্রীর সংখ্যা, ছাত্রছাত্রীদের জন্য স্কলারশিপের ব্যবস্থা, খেলার মাঠ, প্রতিবন্ধী ও দুস্থদের জন্য পর্যাপ্ত সুযোগ-সুবিধা | ২০ | একজন শিক্ষক অনুকূলে ৫০ জন অথবা কম ছাত্রছাত্রী হলে পূর্ণমান (৭ নম্বর), ৫১-৬০ জন ছাত্রছাত্রী হলে (৬ নম্বর), ৬১-৭০ জন ছাত্রছাত্রী হলে (৫ নম্বর) অনুরূপভাবে নম্বর প্রদান করা হয় | ৭ |
| | | | বাগানের নিজস্ব উদ্যোগে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জন্য বৃত্তির ব্যবস্থা করা হলে | ৫ |
| | | | বিদ্যালয় প্রাঙ্গণে খেলার মাঠ থাকলে নম্বর প্রাপ্ত হবেন | ৩ |
| | | | প্রতিবন্ধীদের জন্য সুবিধা থাকলে নম্বর প্রাপ্ত হবেন | ৫ |
| ৫ | মহিলাদের জীবনমান উন্নয়নের জন্য অন্যান্য সুবিধা (যেমন সেলাই মেশিন প্রশিক্ষণ, অন্যান্য প্রশিক্ষণ), ডে কেয়ার/ ক্রেস হাউজ, মাদার্স ক্লাব, গর্ভবতী মহিলাদের জন্য স্বাস্থ্য সুবিধা | ২০ | প্রশিক্ষণের ব্যবস্থা থাকলে নম্বর প্রাপ্ত হবেন | ৫ |
| | | | ডে কেয়ার/ক্রেস হাউজ থাকলে নম্বর প্রাপ্ত হবেন | ৫ |
| | | | মাদার্স ক্লাব থাকলে নম্বর প্রাপ্ত হবেন | ৫ |
| | | | গর্ভবতী মহিলাদের জন্য স্বাস্থ্য সুবিধা থাকলে নম্বর প্রাপ্ত হবেন | ৫ |

ধরা যাক, কোনো একটি চা-বাগানে মোট স্থায়ী শ্রমিক সংখ্যা ১০০০ জন, উক্ত চা-বাগানে শ্রমিক বাসস্থান সংখ্যা ৭৫০টি এবং শ্রমিকদের জন্য লেবার লাইনে মোট ৭০০টি লেট্রিন রয়েছে। উক্ত চা-বাগানের লেবার লাইনে ৫০টি হ্যান্ড টিউবওয়েল এবং ২টি ডিপ টিউবওয়েল রয়েছে। বাগানে একটি হাসপাতাল রয়েছে যেখানে দশটি বেড রয়েছে, ১ জন এমবিবিএস ডাক্তার রয়েছেন, ২ জন কম্পাউন্ডার/এমএলএফ রয়েছে এবং ১টি ডিসপেনসারি রয়েছে। বাগানটিতে ১টি প্রাথমিক বিদ্যালয়

রয়েছে যেখানে ৪ জন শিক্ষক ও ২০০ জন ছাত্রছাত্রী রয়েছেন। বিদ্যালয় প্রাঙ্গণে ১টি খেলাধুলার মাঠ রয়েছে। বাগানের নিজস্ব উদ্যোগে ছাত্রছাত্রীদের জন্য বৃত্তি বা উৎসাহমূলক সামগ্রী বিতরণ করা হয়। এছাড়া বাগানের প্রতিবন্ধীদের জন্য বাগানের নিজস্ব উদ্যোগে সুযোগ-সুবিধা প্রদান করা হয়। বাগানের মহিলা শ্রমিক অথবা শ্রমিক পোষ্যদের জন্য বাগানের উদ্যোগে সেলাই মেশিন প্রশিক্ষণ প্রদান করা হয়। বাগানে ডে কেয়ার সেন্টার রয়েছে, মাদার্স ক্লাব রয়েছে এবং গর্ভবতী মহিলাদেরকে বাগান হতে বিশেষ সুবিধা প্রদান করা হয়। এছাড়া প্রয়োজনের উপর ভিত্তি করে বাগানের নিজস্ব উদ্যোগে শ্রমিকদের জন্য অন্যান্য প্রশিক্ষণের আয়োজন করা হয়।

যেহেতু, ধরে নেয়া হয়েছে যে, ১টি হ্যান্ড টিউবওয়েল ১০টি শ্রমিক ঘরে পানি সরবরাহ করবে এবং একটি ডিপ টিউবওয়েল ২০টি শ্রমিক ঘরে পানি সরবরাহ করবে। সেক্ষেত্রে, ৫০০টি + ৪০টি = ৫৪০টি শ্রমিক গৃহে পানি সরবরাহ করা হয়।

= {(৭৫০/১০০০) × ১০} + {(৭০০/১০০০) × ১০} + {(৫৪০/১০০০) × ২০} + {৪+৪+৮+২+২} + {৭+৫+৩+৫} + {৫+৫+৫+৫}

= ৭.৫ + ৭.০ + ১০.৮০ + ২০ + ২০ + ২০

= ৮৫.৩০ (মোট প্রাপ্ত নম্বর ১০০ এর মধ্যে)

<u>**ক্যাটাগরি-৬** বৈচিত্র্যময় চা পণ্য বাজারজাতকরণের ভিত্তিতে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান/ কোম্পানি বাছাইয়ের মানদণ্ড</u>

ধরা যাক, একটি নির্দিষ্ট বছরে চা বাগান/ কোম্পানি কর্তৃক বাজারজাতকৃত বৈচিত্র্যময় চা পণ্যের সর্বোচ্চ সংখ্যা ও ধরন (আইটেম) ১০টি, দেশে-বিদেশে বৈচিত্র্যময় চা পণ্য বাজারজাতকরণের পরিমাণ যথাক্রমে ৫০০০ কেজি এবং ১০০০ কেজি। এখন উক্ত বছরে কোনো একটি বাগান/কোম্পানি কর্তৃক বাজারজাতকৃত বৈচিত্র্যময় চা পণ্যের সর্বোচ্চ সংখ্যা ও ধরন (আইটেম) ৯টি, দেশে-বিদেশে বৈচিত্র্যময় চা পণ্য বাজারজাতকরণের পরিমাণ যথাক্রমে ৪৯০০ কেজি এবং ৯৫০ কেজি। এক্ষেত্রে বৈচিত্র্যময় চা পণ্য বাজারজাতকরণের ভিত্তিতে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান/কোম্পানি বাছাইয়ের মানদণ্ডে প্রাপ্ত নম্বর :

$$= \left(\frac{৬০}{১০} \times ৯\right) + \left(\frac{২০}{৫০০০} \times ৪৯০০\right) + \left(\frac{২০}{১০০০} \times ৯৫০\right) = ৯২.৬০$$

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd